গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী                                                                 নম্বর-১৮৩

**তথ্য ও সম্প্রচার সচিবের রাজশাহী তথ্য কমপ্লেক্স নির্মাণ কাজ পরিদর্শণ**
**গুণগতমান বজায় নির্মাণ দ্রুত শেষ করার নির্দেশ**

রাজশাহী, ২৮ পৌষ (১২ জানুয়ারি):

গুণগতমান বজায় রেখে দ্রুত রাজশাহী আধুনিক তথ্য কমপ্লেক্সের নির্মাণ কাজ শেষ করার নির্দেশ দিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মাহবুবা ফারজানা। তিনি আজ (১২ জানুয়ারি) সন্ধ্যায় নগরীর কাশিয়াডাঙ্গাস্থ ফায়ার সার্ভিসের পাশে নির্মিতব্য আধুনিক তথ্য কমপ্লেক্সের অগ্রগতি পরিদর্শনকালে এমন নির্দেশনা দেন।

সচিব বলেছেন, আধুনিক তথ্য কমপ্লেক্স নির্মাণ প্রকল্পে সরকারের বরাদ্দ অর্থ স্বচ্ছতার সাথে ব্যয় করতে হবে। আর্থিক ব্যয়ে স্বচ্ছতার পাশাপাশি যথাসময়ে প্রকল্প শেষ করতে হবে।

এই প্রকল্পকে অগ্রাধিকার দিয়ে তিনি বলেন, ঠিকাদার প্রতিষ্ঠানকে কাজের গতিধারা বাড়ানোর সাথে সাথে দ্রুত সময়ে কাজ সম্পন্ন করতে হবে। অর্থের কোনো সমস্যা নেই, অর্থ ছাড় হয়ে গেছে।

পরিদর্শনকালে গণযোগাযোগ অধিদপ্তরের  মহাপরিচালক মো. আবদুল জলিল, জেলা পর্যায়ে আধুনিক তথ্য কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক মো. মনিরুজ্জামান ও গণযোগাযোগ অধিদপ্তরের  পরিচালক  মীর মোহাম্মদ আসলাম উদ্দিন ও সৈয়দ এ মু'মেনসহ রাজশাহীতে তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর সংস্থার  কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

--------------------------------------

তৌহিদ/আতিক/আলীম/২০২৬/১৯:০০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd